

প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী
বিগত সরকারের আমলে
শিক্ষাখাতে ব্যাপক
দুর্নীতি ও অপচয় হয়েছে

সর্বোচ্চ সার্ভিস পরিবেশক, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, গত সরকারের আমলে শিক্ষাখাতে ব্যাপক দুর্নীতি ও অপচয় হয়েছে। এর ধারাবাহিকতা এখনও চলছে। দুর্নীতি-অপচয়ের জন্য বিশ্বব্যাপ্তে শিক্ষাখাতে সাহায্য বন্ধ করেছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর এসব দুর্নীতি-অপচয় রোধ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমরা অনেক দুর্নীতি রোধ করেছি।

বৃহস্পতি সংসদ অধিবেশনের শুরুতে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে জাতীয় পার্টির চেয়ারম্যান আনোয়ার হোসেন মঞ্জুর এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। আনোয়ার হোসেন মঞ্জুরকে কমনওয়েলথের

প্রধানমন্ত্রী : প্রশ্নোত্তর
(১ম পৃষ্ঠার পর)

উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী বলেন, আপনিও গত সরকারের স্মৃতিপরিষদের একজন সদস্য ছিলেন ও বেগম রওশন এরশাদের এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, প্রতিবর্তীদের পুনর্বাসনের জন্য সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানকেও এগিয়ে আসতে হবে। তিনি বলেন, সরকারের এ কার্য পক্ষে প্রতিবর্তীদের পুনর্বাসন সম্ভব নয়।

নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য মুহাম্মদ গিলাসউদ্দিনের এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জানান, নির্বাচন কমিশন সচিবালয়ে প্রাণ ত্যাগ ও নির্বাচনী পর্যবেক্ষকদের অন্তর্ভুক্তিকালীন নির্বাচন পর্যবেক্ষণ রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায়, ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ২৫শে জানুয়ারি থেকে ৩রা মার্চ পর্যন্ত সারাদেশে ৪ হাজার ২৭ ১১টি ইউনিয়নের মধ্যে ৩ হাজার ৬৭ ৩৩টি ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়েছে। এর মধ্যে ৯৩টি ইউনিয়নের ১৭ ২৫টি কেন্দ্রের ফলাফল সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে স্থগিত করা হয়েছে। বিভিন্ন তথ্য পরিসংখ্যান উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এবারের ইউনিয়ন পরিষদ নির্বাচন গত নির্বাচনগুলোর তুলনায় অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

কাজী আলাউদ্দিনের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী ঢাকা মহানগরীর বায়ুদূষণ রোধ এবং যানজট নিরসনের উদ্দেশ্যে সরকারের দ্ব্যর্থীত বিভিন্ন পদক্ষেপের বিবরণ তুলে ধরে বলেন, জনগণের স্বাস্থ্যের ক্ষতিসাধিত নিশ্চিত করার জন্য সরকার বেসরকারি খাতে 'পরিবেশ বান্ধব', আয়ামদায়ক যানবাহন আমদানিতে উৎসাহ প্রদান করছে। ফলশ্রুতিতে ঢাকা মহানগরীতে বাস-মিনিবাসের সংখ্যা ২ হাজার ৮৭ থেকে ৪ হাজার ২৭তে উন্নীত হয়েছে।